

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
গবেষণা শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.১৫৩.১৪.০০০৩.২৫.৭

তারিখ: ৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় “প্রকল্প পরিচালক পুল” গঠনের নিমিত্ত আবেদন আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন চলমান গৃহিত/ গৃহিতব্য বিভিন্ন উন্নয়ন প্রকল্প/ স্কিম নির্ধারিত সময়ে, সুষ্ঠু ও যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে “প্রকল্প পরিচালক পুল” গঠন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত “প্রকল্প পরিচালক পুল” এ অন্তর্ভুক্তির জন্য ৬ষ্ঠ গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের আগ্রহী দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের নিকট হতে <https://ee.kobotoolbox.org/x/TLjjVGEK> (কিউ আর কোড নিচে দেওয়া হলো) এর মাধ্যমে অনলাইন আবেদন আহ্বান করা হচ্ছে। একই সাথে আবেদনের হার্ড কপি (প্রিন্ট কপি) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ) বরাবর প্রেরণ করতে হবে।

০২। আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই ও প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে “প্রকল্প পরিচালক পুল” এর তালিকা চূড়ান্ত করা হবে। উক্ত পুল হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় গৃহিত/ গৃহিতব্য উন্নয়ন প্রকল্প/ স্কিমের জন্য প্রকল্প পরিচালক নিয়োগ করা হবে।

০৩। আবেদন শুরুর তারিখ ও সময়: ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি; সকাল ১০:০০ ঘটিকা।

০৪। আবেদন দাখিলের সর্বশেষ তারিখ ও সময়: ০৮ মার্চ ২০২৬ খ্রি; বিকাল ৫:০০ ঘটিকা।



১৯-০২-২০২৬
গোলাম মোহাম্মদ ফারুক
গবেষণা কর্মকর্তা

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপাচার্য, পাবলিক বিশ্ববিদ্যালয় (সকল)।
- ২। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ।
- ৪। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

